দৈনিক সংবাদ

তারিখ ...04 SEP 1989
পৃষ্ঠা... ২ ... কলাম... ৮...

14২a

ডাকসু নির্বাচনোত্তর সন্ত্রাস

# মোট ৫৯ জনকে অভিযুক্ত করা হয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ডাকসু নির্বাচনোত্তর সন্ত্রাসী ঘটনাবলীর সাথে জড়িত থাকার জন্য মোট ৫৯ জনকে অভিযুক্ত করা হয়েছে। এদের মধ্যে ১২ জন বহিরাগত।

ডাকসু নির্বাচনোত্তর সন্ত্রাস

(১ম পাতার পর)

নির্বাচনের পরদিন ৯ই ফেব্রুয়ারী ছাত্রী মিছিলে হামলাসহ অন্য ঘটনাবলী তদন্ত করে দেখার জন্য গঠিত কমিটির রিপোর্টে এ কথা বলা হয়েছে। ডাকসুসহ বিভিন্ন মহলের দাবীর পরিপ্রেক্ষিতে তদন্ত রিপোর্ট জনসমক্ষে প্রকাশের বিষয়টি সিণ্ডিকেটের বিবেচনাধীন রয়েছে। নির্ভরযোগ্য সূত্রে এ খবর জানা গেছে।

জানা গেছে, অভিযুক্তদের মধ্যে বহিরাগতদের বাদ দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মোট ৪৭ জন ছাত্রছাত্রীর নামে কারণ দর্শাও নোটিশ দিয়েছেন। এদের মধ্যে একজন ছাত্র জেলে থাকায় তার কাছে নোটিশ পৌছানো যায়নি। বাকীরা ইতিমধ্যেই নোটিশের জবাব দিয়েছেন বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। যাদের নামে নোটিশ জারি করা হয়েছে তাদের মধ্যে জাতীয়তাবাদী ছাত্রদলের ৪২ জন, ছাত্রলীগের (হা-অ) ৪ জন এবং ছাত্রলীগের (মু-না) একজন রয়েছেন। ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদক দু'টি করে নোটিশ পেয়েছেন।

জানা গেছে, ৯ তারিখের ঘটনাবলী তদন্ত করে দেখার জন্য গঠিত কমিটি ছাত্রী মিছিলে হামলা, রোকেয়া হলে ভাঙচুর ও সন্ত্রাসী কার্যকলাপ, মুহসিন হলে হামলা, জহুরুল হলে কক্ষ তছনছ, কনক হত্যা ও বিবিধ-- এই কয়েক ভাগে ভাগ করে তাদের রিপোর্ট পেশ করেন। বিভিন্ন ঘটনার সাথে জড়িত থাকার জন্য অভিযুক্ত ৩২ জন ছাত্র এবং ২৭ জন ছাত্রীর মধ্যে ছাত্রছাত্রী মিলিয়ে ১২ জন বহিরাগত বা তাদের সঠিক পরিচয় পাওয়া যায়নি বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে। এই ১২ জনের মধ্যে বিশ্ববিদ্যালয় থেকে ইতিপূর্বে বহিষ্কৃত কয়েকজন ছাত্রও রয়েছেন বলে জানা গেছে।

কারণ দর্শাও নোটিশের জবাব পাবার পর অভিযুক্তদের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের শৃংখলা পরিষদ সিদ্ধান্ত নেবে। পরিষদের সভা এখনো ডাকা হয়নি বলে জানা গেছে।